## তথ্য অধিকার সম্পর্কিত তথ্য প্রদানের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা

| কর্তপক্ষ/ দপ্তরের নাম | দায়িত্বপ্রাপ্ত/বিকল্প দায়িত্বপ্রাপ্ত/ আপীল কর্তৃপক্ষের নাম ও পদবী | ফোন, মোবাইল নম্বর ও ই-মেইল | যোগাযোগের ঠিকানা |
|---|---|---|---|
| বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ হেড অফিস, ঢাকা। | আপীল কর্তৃপক্ষ ঃ জনাব মোঃ হাবিবুর রহমান গাজী ব্যবস্থাপনা পরিচালক ও সিইও | ০২-২২৩৩৮৩৪৭৬ md@bdbl.com.bd | ব্যবস্থাপনা পরিচালক ও সিইও মহোদয়ের অফিস বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ হেড অফিস, ঢাকা। |
| | বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ঃ জনাব পরিতোষ সরকার জেনারেল ম্যানেজার | ০২-২২৩৩৮৬১১৫ ০১৭৩০৫৯২১১৭ gm_it@bdbl.com.bd. | ইনফরমেশন টেকনোলজি এন্ড রিক্স ম্যানেজমেন্ট ডিভিশন বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ হেড অফিস, ঢাকা। |
| | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ঃ মিসেস আফসানা ফেরদৌসী ডেপুটি জেনারেল ম্যানেজার ও ডিপার্টমেন্ট হেড | ০২-২২৩৩৮৯৪৫৯ ০১৭২৭৫৪৯৪৮৯ mis_head@bdbl.com.bd | এমআইএস এন্ড রিসার্চ ডিপার্টমেন্ট বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ হেড অফিস, ঢাকা। |

## তথ্য অধিকার আইন বাস্তবায়নে বিডিবিএল

জনগনের জন্য অবাধ তথ্য প্রবাহ নিশ্চিত করার যে নীতি সরকার গ্রহণ করেছে, তার সংগে সংগতিপূর্ণভাবে একাত্মতা নিশ্চিত করার লক্ষ্যে একটি রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক হিসেবে বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড (বিডিবিএল) অবাধ তথ্য প্রবাহের চর্চা অনুসরণ করে থাকে। নির্ধারিত সময়ের মধ্যে আবেদনকারীকে তথ্য প্রদানের বিষয়টি বিডিবিএল অধিক গুরুত্ব দিয়ে থাকে। তথ্য অধিকার আইনের নির্দেশনা মোতাবেক দ্রুততম সময়ে তথ্য প্রদানের নিমিত্ত বিডিবিএল দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ প্রদান করেছে। এছাড়া তথ্য অধিকার সংক্রান্ত যে কোন ধরনের অভিযোগ নিষ্পত্তির জন্য বিডিবিএল আপীল কর্তৃপক্ষ নিয়োগ করা হয়েছে।

বিডিবিএল স্বতঃপ্রণোদিতভাবে তথ্য প্রকাশকে বিশেষ গুরুত্বারোপ করে থাকে। যার ফলে, নিয়মিতভাবে বার্ষিক প্রতিবেদন প্রকাশ, ত্রৈমাসিক ও অর্ধবার্ষিক হিসাব প্রকাশসহ ত্রৈমাসিক নিউজ লেটার বিডিবিএল পরিক্রমা প্রকাশ করা হয়ে থাকে। তথ্য প্রকাশ ও প্রচারে বিডিবিএল ওয়েবসাইটে (www.bdbl.com.bd) নিয়মিত হালনাগাদকরণসহ ওয়েবসাইটে তথ্য ক্যাটাগরী মেনু সংযোজন করা হয়েছে।

*তথ্য সবার অধিকার, থাকবে না কেউ পেছনে আর*

**বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড**
**BANGLADESH DEVELOPMENT BANK LIMITED**
BDBL
(A State Owned Commercial Bank)

www.bdbl.com.bd

# তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতামূলক

# প্রচারপত্র



**বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড**
**BANGLADESH DEVELOPMENT BANK LIMITED**
BDBL
(A State Owned Commercial Bank)

হেড অফিস, বিডিবিএল ভবন, ৮ রাজউক এভিনিউ, ঢাকা-১০০০।

## তথ্য অধিকার আইন প্রণয়নের প্রেক্ষাপট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানে চিন্তা, বিবেক ও বাক-স্বাধীনতা নাগরিকের অন্যতম মৌলিক অধিকার হিসেবে স্বীকৃত এবং তথ্য প্রাপ্তির অধিকার একটি অবিচ্ছেদ্য অংশ। প্রজাতন্ত্রের সকল ক্ষমতার মালিক জনগণ, আর কেবল তথ্যের অবাধ প্রবাহই জনগণকে প্রকৃতপক্ষে ক্ষমতায়িত করতে পারে। জনগণের জানার অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে সরকারি, স্বায়ত্বশাসিত, সংবিধিবদ্ধ সংস্থা এবং সরকারি বা বেসরকারি অর্থায়নে সৃষ্ট বা পরিচালিত বিভিন্ন বেসরকারি সংস্থার কর্মকাণ্ডে স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠার মাধ্যমে সুশাসন নিশ্চিতকরণের জন্য বর্তমান সরকার ০৫ এপ্রিল, ২০০৯ তারিখে 'তথ্য অধিকার আইন, ২০০৯' পাস করে। এই আইন প্রণয়ন বাংলাদেশের জন্য একটি যুগান্তরকারী ঘটনা। আইনটির অনন্য বৈশিষ্ট্য হলো দেশের প্রচলিত অন্য সকল আইনে কর্তৃপক্ষ জনগণের ওপর ক্ষমতা প্রয়োগ করে থাকে; কিন্তু এ আইনে জনগণ কর্তৃপক্ষের ওপর ক্ষমতা আরোপ করতে পারে।

## তথ্য অধিকার আইনের উদ্দেশ্যসমূহ

- নাগরিকের ক্ষমতায়ন বৃদ্ধিকরণ;
- সরকারের কর্মকাণ্ডে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা;
- কর্তৃপক্ষের সর্বোচ্চ পরিমাণ তথ্য স্বতঃপ্রণোদিতভাবে জনসমক্ষে প্রকাশ;
- দুর্নীতি প্রতিহত করা; এবং
- সর্বোপরি রাজনৈতিক ব্যবস্থাটি যাতে জনগণের স্বার্থ সংশ্লিষ্ট হয় তা নিশ্চিত করা।

## তথ্য অধিকার আইনে তথ্য কি

তথ্য অর্থ কোন কর্তৃপক্ষের গঠন, কাঠামো ও দাপ্তরিক কর্মকান্ড সংক্রান্ত যে কোন স্মারক, বই, নকশা, মানচিত্র, চুক্তি, তথ্য উপাত্ত, লগ-বই, আদেশ, বিজ্ঞপ্তি, দলিল, নমুনা, পত্র, প্রতিবেদন, হিসাব বিবরণী, প্রকল্প প্রস্তাব, আলোকচিত্র, অডিও, ভিডিও, অংকিত চিত্র, ফিল্ম, ইলেকট্রনিক প্রক্রিয়ায় প্রস্তুতকৃত যে কোন ইনস্ট্রুমেন্ট, যান্ত্রিকভাবে পাঠযোগ্য দলিলাদি এবং ভৌতিক গঠন ও বৈশিষ্ট্য নির্বিশেষে অন্য যে কোন তথ্যবহ বস্তু বা এগুলোর প্রতিলিপি। তবে দাপ্তরিক নোটশিট বা নোটশিটের প্রতিলিপি তথ্য হিসেবে বিবেচিত নয়।

## নাগরিকের তথ্য অধিকার বলতে কি বুঝায়

তথ্য অধিকার আইন, ২০০৯ এর বিধানাবলী সাপেক্ষে, কর্তৃপক্ষের নিকট হতে দেশের প্রত্যেক নাগরিকের তথ্য লাভের অধিকার থাকবে এবং কোন নাগরিকের অনুরোধের প্রেক্ষিতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাঁকে তথ্য সরবরাহ করতে বাধ্য থাকবে।

সংকটকালে তথ্য পেলে, জনগণের মুক্তি মেলে

## যে সকল তথ্য চাওয়া যাবে না

- দাপ্তরিক নোটশিট বা নোটশিটের অনুলিপি;
- কোন তথ্য প্রকাশের ফলে দেশের নিরাপত্তা, অখন্ডতা ও সার্বভৌমত্বের প্রতি হুমকি হতে পারে এরূপ তথ্য;
- কোন তথ্য প্রকাশের ফলে কোন বিশেষ ব্যক্তি বা সংস্থাকে লাভবান বা ক্ষতিগ্রস্ত করতে পারে এরূপ নিম্নোক্ত তথ্য:
  - আয়কর শুল্ক, ভ্যাট ও আবগারী আইন, বাজেট বা করহার পরিবর্তন সংক্রান্ত কোন আগাম তথ্য;
  - মুদ্রার বিনিময় ও সুদের হার পরিবর্তনজনিত কোন আগাম তথ্য;
  - ব্যাংকসহ আর্থিক প্রতিষ্ঠানসমূহের পরিচালনা ও তদারকি সংক্রান্ত কোন আগাম তথ্য;
- আদালতে বিচারাধীন কোন বিষয় এবং যা প্রকাশে আদালত বা ট্রাইব্যুনালের নিষেধাজ্ঞা রয়েছে অথবা যার প্রকাশ আদালত অবমাননার শামিল এরূপ তথ্য।

## তথ্য প্রাপ্তির আবেদন পদ্ধতি

কোন কর্তৃপক্ষের কাছে কাঙ্খিত তথ্য পেতে হলে সংশ্লিষ্ট 'দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা' বরাবর এই আইনের তফসিলে উল্লিখিত 'ফরম-ক' পূরণ করে আবেদন করতে হবে। নির্ধারিত ফরম সহজলভ্য না হলে সাদা কাগজে আবেদন করা যাবে। ক্ষেত্রমতে ইলেক্ট্রনিক মাধ্যম বা ই-মেইলেও আবেদন করা যাবে। উল্লিখিত আবেদনে নিম্নলিখিত বিষয়সমূহের উল্লেখ থাকতে হবে, যথাঃ-

- অনুরোধকারীর নাম, ঠিকানা, প্রযোজ্য ক্ষেত্রে ফ্যাক্স নম্বর এবং ই-মেইল ঠিকানা;
- যে তথ্যের জন্য অনুরোধ করা হয়েছে তার নির্ভুল এবং স্পষ্ট বর্ণনা;
- অনুরোধকৃত তথ্যের অবস্থান নির্ণয়ের সুবিধার্থে অন্যান্য প্রয়োজনীয় প্রাসঙ্গিক তথ্যাবলীর উল্লেখ;
- কোন পদ্ধতিতে তথ্য পেতে আগ্রহী তার বর্ণনা অর্থাৎ পরিদর্শন করা, অনুলিপি নেওয়া, নোট নেওয়া বা অন্য কোন অনুমোদিত পদ্ধতি।

## তথ্যের মূল্য পরিশোধ

এই আইনের অধীন তথ্য প্রাপ্তির ক্ষেত্রে অনুরোধকারীকে সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক উক্ত তথ্যের জন্য নির্ধারিত যুক্তিসংগত মূল্য পরিশোধ করতে হবে। আবেদনকারী কর্তৃক তথ্যের মূল্য চালানের মাধ্যমে জমা অথবা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবর প্রদেয় ফি নগদ, মানি অর্ডার, পোস্টাল অর্ডার, ক্রসড অথবা স্ট্যাম্পের মাধ্যমে প্রদান করতে হবে।

## তথ্য প্রদান পদ্ধতি

- তথ্যের জন্য কোন নাগরিকের কাছ থেকে আবেদন প্রাপ্তির অনধিক ২০(বিশ) কার্যদিবসের মধ্যে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অনুরোধকৃত তথ্য সরবরাহ করবেন;
- তবে অনুরোধকৃত তথ্যের সাথে একাধিক তথ্য প্রদান ইউনিট বা কর্তৃপক্ষের সংশ্লিষ্টতা থাকলে অনধিক ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে অনুরোধকৃত তথ্য সরবরাহ করবেন;
- দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কোন কারণে তথ্য প্রদানে অপারগ হলে অপারগতার কারণ উল্লেখপূর্বক আবেদন প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে তা অনুরোধকারীকে অবহিত করবেন;
- যদি কোন তথ্য কোন ব্যক্তির জীবন-মৃত্যু, গ্রেপ্তার বা কারাগার থেকে মুক্তি সংক্রান্ত হয় তাহলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে ২৪ (চব্বিশ) ঘন্টার মধ্যে উক্ত বিষয়ে প্রাথমিক তথ্য সরবরাহ করবেন।

তথ্য অধিকার, সংকটে হাতিয়ার

বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড
BDBL
BANGLADESH DEVELOPMENT BANK LIMITED
( A STATE OWNED COMMERCIAL BANK )
HEAD OFFICE, DHAKA
বিজনেস ডেভেলপমেন্ট এন্ড মার্কেটিং ডিপার্টমেন্ট

মুজিব বর্ষ ১০০

নং ১৪.২/২০২২/৫০৬

তারিখ ঃ ২৯ সেপ্টেম্বর, ২০২২ / ১৪ আশ্বিন, ১৪২৯

অফিস আদেশ নং-০২/২০২২

বিষয়ঃ- তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরনের লক্ষ্যে সভা, সেমিনার ও কর্মশালা আয়োজন প্রসঙ্গে।

তথ্য অধিকার আইন-২০০৯ এর আওতায় জনগণের তথ্য প্রাপ্তি অধিকার নিশ্চিতকল্পে জনসচেতনতা বৃদ্ধি করা প্রয়োজন। এ লক্ষ্যে, তথ্য অধিকার সংক্রান্ত ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক কর্মপরিকল্পনায় আলোচ্য আইন সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধি করার জন্য সভা, সেমিনার ও কর্মশালা আয়োজনের বিষয়ে উল্লেখ রয়েছে। আলোচ্য বিষয়টি পরিপালিত হলে তা ২০২২-২৩ অর্থ বছরের জন্য সম্পাদিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের ক্ষেত্রে সহায়ক হবে।

এমতাবস্থায়, ব্যাংকের সকল ব্রাঞ্চ ও জোনাল অফিস-কে তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরনের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে "তথ্য অধিকার আইন-২০০৯" "তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯" ও "জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা প্রদান) আইন, ২০১১" এর সংকলন এর কপি এতদ্‌সংগে সংযুক্ত করা হ'ল।

ধন্যবাদান্তে,

আপনার বিশ্বস্ত,

(স্বাক্ষর)

(শ্যামল কুমার দাস)
ডেপুটি জেনারেল ম্যানেজার

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। ম্যানেজার, সকল ব্রাঞ্চ অফিস, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড।
২। জোনাল ম্যানেজার, সকল জোনাল অফিস, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড।
৩। ডিপার্টমেন্ট হেডগণ, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড, হেড অফিস, ঢাকা।
৪। ডেপুটি জেনারেল ম্যানেজার ও প্রিন্সিপাল, ট্রেনিং ইনস্টিটিউট, বিডিবিএল, ১২, কারওয়ান বাজার, ঢাকা।
৫। জেনারেল ম্যানেজার মহোদয়গণের অফিস, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড, হেড অফিস, ঢাকা।
৬। উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অফিস, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড, হেড অফিস, ঢাকা।
৭। ব্যবস্থাপনা পরিচালক এন্ড সিইও মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড,হেড অফিস, ঢাকা।
৮। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংকে লিমিটেড, হেড অফিস, ঢাকা।

## বিজনেস ডেভেলপমেন্ট এন্ড মার্কেটিং ডিপার্টমেন্ট

নং ১৪.২/

তারিখ ঃ ৩১ মে, ২০২৩
১৭ জ্যৈষ্ঠ, ১৪৩০

**(শুধুমাত্র WAN এর মাধ্যমে প্রেরিত)**

জোনাল ম্যানেজার
বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড
জোনাল অফিস
ঢাকা উত্তর/ ঢাকা দক্ষিণ/ চট্টগ্রাম/ রাজশাহী/ খুলনা/ সিলেট।

**বিষয় ঃ তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণের লক্ষ্যে প্রচার কার্যক্রম সংক্রান্ত সভা আয়োজন প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে অত্র ডিপার্টমেন্ট এর ২১/০৩/২০২৩ তারিখের ১৪.২/২০২৩/১৮২-১৮৭ নং পত্র ও তদসংযুক্ত অনুমোদিত টোকের চিত্রলিপির প্রতি দৃষ্টি আকর্ষনপূর্বক জানানো যাচ্ছে যে, "Annual Performance Agreement (APA)" চুক্তি অনুযায়ী তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ এবং এ লক্ষ্যে প্রচার কার্যক্রম সম্পন্নকরণের বিষয়ে অন্যান্যের মধ্যে, নিম্নলিখিত পদক্ষেপ/কর্মসূচী গ্রহণের জন্য ব্যাংকের যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন প্রদান করা হয়েছে (অনুমোদিত টোকের চিত্রলিপি সংযুক্ত)।

(১) তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণের লক্ষ্যে প্রচার কার্যক্রম হিসেবে ব্যাংকের ৬টি জোনাল এবং এর সংলগ্ন ব্রাঞ্চ অফিস কর্তৃক যৌথভাবে এ সংক্রান্ত সভার আয়োজন করা;

০২। উল্লেখ্য, এস্টাবলিশমেন্ট এন্ড কমন সার্ভিস ডিপার্টমেন্ট কর্তৃক তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতামূলক প্রচারপত্র ইতোমধ্যে আপনাদের নিকট প্রেরণ করা হয়েছে।

০৩। এমতাবস্থায়, যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন অনুযায়ী তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণের লক্ষ্যে গৃহীত পদক্ষেপ/কর্মসূচী আগামী ০৮/০৬/২০২৩ তারিখের মধ্যে পরিপালন করে তার প্রমানক (সভার ব্যানারসহ প্রেরিত প্রচারপত্র বিতরণের ছবি) অত্র ডিপার্টমেন্টে প্রেরণের জন্য আপনাদের পুনরায় অনুরোধ করা হ'ল। **বিষয়টি অত্যন্ত জরুরী।**

ধন্যবাদান্তে,

আপনার বিশ্বস্ত,
স্বা/-
(শ্যামল কুমার দাস)
ডেপুটি জেনারেল ম্যানেজার

সংযুক্তি ঃ বর্ণনামতে।

অনুলিপি ঃ

১) ডেপুটি জেনারেল ম্যানেজার, এস্টাবলিশমেন্ট এন্ড কমন সার্ভিস ডিপার্টমেন্ট, বিডিবিএল, হেড অফিস, ঢাকা।
২) ডেপুটি জেনারেল ম্যানেজার, ট্রেনিং ইনস্টিটিউট, বিডিবিএল, ১২, কারওয়ান বাজার, ঢাকা।
৩) ডেপুটি জেনারেল ম্যানেজার, এমআইএস এন্ড রিসার্চ ডিপার্টমেন্ট, বিডিবিএল, হেড অফিস, ঢাকা। তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতামূলক প্রচার পত্র এর ৮কপি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে এতদসংগে প্রেরণ করা হলো।

ডেপুটি জেনারেল ম্যানেজার

# বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড

BDBL

# BANGLADESH DEVELOPMENT BANK LIMITED

(A STATE OWNED COMMERCIAL BANK)

**HEAD OFFICE, DHAKA**


**বিজনেস ডেভেলপমেন্ট এ্যান্ড মার্কেটিং ডিপার্টমেন্ট**

নং- ১৪.২/২০২৩/

তারিখ ঃ ২১ মার্চ, ২০২৩
০৭ চৈত্র, ১৪২৯

জোনাল ম্যানেজার
বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড
জোনাল অফিস
ঢাকা উত্তর/ঢাকা দক্ষিণ/চট্টগ্রাম/খুলনা/সিলেট/রাজশাহী।

**বিষয় ঃ- তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনা বৃদ্ধিকরনের লক্ষ্যে প্রচারপত্র/ লিফলেট প্রণয়ন প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে ব্যাংকের এমআইএস এন্ড রিসার্চ ডিপার্টমেন্টের গত ১৯/০২/২০২৩ তারিখের ১১.১/৭৩৬ নং পত্র এবং "Annual Performance Agreement (APA)" চুক্তি অনুযায়ী তথ্য অধিকার আইন ও বিধি বিধান সম্পর্কিত জনসচেতনা বৃদ্ধিকরণ এবং এ লক্ষ্যে প্রচার কার্যক্রম সম্পন্নকরণের বিষয়ে নিম্নলিখিত পদক্ষেপ/কর্মসূচী ব্যাংকের যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন প্রদান করা হয়েছে (চিত্রলিপি সংযুক্ত)ঃ

(১) **তথ্য অধিকার আইন ও বিধিবিধান সর্ম্পকে জনসচেতনতা বৃদ্ধিকরণের লক্ষ্যে প্রচার কার্যক্রম হিসেবে ব্যাংকের ৬টি জোনাল এবং এর সংলগ্ন ব্রাঞ্চ অফিস কর্তৃক যৌথভাবে এসংক্রান্ত সভার আয়োজন করা; এবং**

(২) **ব্যাংকের ট্রেনিং ইনস্টিটিউট কর্তৃক তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনা বৃদ্ধিকরনের লক্ষ্যে কর্মশালার আয়োজন করা।**

০২। এমতাবস্থায়, যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন অনুযায়ী তথ্য অধিকার আইন ও বিধি বিধান সম্পর্কিত জনসচেতনা বৃদ্ধিকরণের লক্ষ্যে গৃহীত পদক্ষেপ/কর্মসূচী পরিপালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাদের অনুরোধ করা হ'ল।

ধন্যবাদান্তে,

সংযুক্তিঃ বর্ণনামতে।

আপনার বিশ্বস্ত,
স্বা/-
(শ্যামল কুমার দাস)
ডেপুটি জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ
০১। ডেপুটি জেনারেল ম্যানেজার, এস্টাবলিশমেন্ট এন্ড কমন সার্ভিস ডিপার্টমেন্ট, বিডিবিএল, হেড অফিস, ঢাকা।
০২। ডেপুটি জেনারেল ম্যানেজার, ট্রেনিং ইনস্টিটিউট, বিডিবিএল, কারওয়ান বাজার, ঢাকা। সংশ্লিষ্ট ১(২) নং অনুচ্ছেদে বর্ণিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাদেরকে অনুরোধ করা যাচ্ছে।
০৩। ডেপুটি জেনারেল ম্যানেজার, এমআইএস এন্ড রিসার্চ ডিপার্টমেন্ট, বিডিবিএল, হেড অফিস, ঢাকা।

ডেপুটি জেনারেল ম্যানেজার

**বিষয়ঃ- তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনা বৃদ্ধিকরনের লক্ষ্যে প্রচারপত্র/ লিফলেট প্রণয়ন প্রসঙ্গে।**

০৫। শিরোনামীয় বিষয়ে ব্যাংকের এমআইএস এন্ড রিসার্চ ডিপার্টমেন্টের গত ১৯/০২/২০২৩ তারিখের ১১.১/৭৩৬ নং পত্রটি অনুগ্রহপূর্বক দেখা যেতে পারে **(পতাকা-ক)**। উক্ত পত্রে, অন্যান্যের মধ্যে, APA চুক্তিতে তথ্য অধিকার আইন ও বিধি বিধান সম্পর্কিত জনসচেতনা বৃদ্ধিকরণ এবং এ লক্ষ্যে প্রচার কার্যক্রম সম্পন্নকরণের বিষয় উল্লেখ রয়েছে। এপ্রেক্ষিতে, প্রচার কার্যক্রমের প্রমাণক স্বরুপ সভা, সেমিনার, কর্মশালার অফিস আদেশ কিংবা প্রচারপত্রের কপি/ছবি জরুরী ভিত্তিতে প্রেরণের অনুরোধ করা হয়।

০৬। প্রসংগত উল্লেখ্য যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড (বিডিবিএল)-এর মধ্যে স্বাক্ষরিত ২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির নির্ধারিত কার্যক্রম নং ১.৫ এ নিম্নলিখিত বিষয়াদি উল্লেখ রয়েছে ঃ

**"কার্যক্রম নং ১.৫ ঃ তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনচেতনতা বৃদ্ধিকরণ।**
**বাস্তবায়ন পদ্ধতি** ঃ জনসচেতনতা বৃদ্ধিমূলক প্রচার কার্যক্রম হিসাবে সভা, সেমিনার, কর্মশালা কিংবা প্রচারপত্র বিবেচনা করা হবে। তবে যে কর্তৃপক্ষের কার্যক্রমের সাথে জনগণের সরাসরি সংশ্লিষ্টতা নাই সে কর্তৃপক্ষ ষ্টেকহোল্ডাদের নিয়ে সচেতনতামূলক অনুরুপ কার্যক্রম (সভা, সেমিনার, কর্মশালা কিংবা প্রচারপত্র) করতে পারবে। লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন শতভাগ হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে।"

০৭। উল্লেখ্য, তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনা বৃদ্ধিকরনের লক্ষ্যে সকল জোনাল ও ব্রাঞ্চ অফিস কর্তৃক সভা, সেমিনার ও কর্মশালা আয়োজন করা সংক্রান্ত একটি অফিস আদেশ (নং ০২/২০২২) গত ২৯/০৯/২০২২ তারিখে জারী করা হয়েছে **(পতাকা-খ)** এবং বিষয়টি এমআইএস এন্ড রিসার্চ ডিপার্টমেন্টকে ০২/১০/২০২২ তারিখে পত্র মারফৎ অবহিত করা হয়। এক্ষনে আলোচ্য কার্যক্রমের জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে একটি খসড়া প্রচারপত্র/লিফলেট প্রণয়ন করা হয়েছে **(পতাকা- গ)**।

০৮। তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনা বৃদ্ধিকরনের লক্ষ্যে এসংক্রান্ত প্রণীত প্রচারপত্র/ লিফলেটটি নিম্নোক্তভাবে বিতরণের জন্য মোট ১০,০০০ টি প্রচারপত্র/লিফলেট তৈরি করা যেতে পারেঃ

| হেড অফিস | প্রতিটি জোনাল অফিস | প্রিন্সিপাল ব্রাঞ্চ | প্রতিটি বিভাগীয় ব্রাঞ্চ | প্রতিটি শহর ব্রাঞ্চ | প্রতিটি পল্লী ব্রাঞ্চ |
|---|---|---|---|---|---|
| ৩৯০ টি | ১০ টি | ৩০০ টি | ২২৫ টি | ২০০ টি | ১৫০টি |
| **সর্বমোট** (৩৯০ x ১+১০ x ৬+৩০০ x ১+২২৫ x ১২+২০০ x ২০+১৫০ x ১৭) = | | | | | ১০,০০০ টি |

০৯। বিবৃত অবস্থায়, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী আলোচ্য বিষয়ে লক্ষ্যমাত্রা অর্জনের জন্য নিম্নলিখিত পদক্ষেপ/কর্মসূচী নেয়া যেতে পারেঃ

(ক) তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনা বৃদ্ধিকরনের লক্ষ্যে প্রণীত খসড়া **(পতাকা-গ)** প্রচারপত্র অনুমোদন করা যেতে পারে। অনুমোদিত হলে, প্রণীত প্রচারপত্র/লিফলেটটির মোট ১০,০০০টি কপি বিধি মোতাবেক মুদ্রণ করে টোকের ০৮নং অনুচ্ছেদে বর্ণিত হিসাব অনুযায়ী ব্যাংকের সংশ্লিষ্ট অফিসে প্রেরণ করার জন্য এস্টাবলিশমেন্ট এন্ড কমন সার্ভিস ডিপার্টমেন্টকে অনুরোধ করা;

(খ) তথ্য অধিকার আইন ও বিধিবিধান সর্ম্পকে জনসচেতনতা বৃদ্ধিকরণের লক্ষ্যে প্রচার কার্যক্রম হিসেবে ব্যাংকের ৬টি জোনাল এবং এর সংলগ্ন ব্রাঞ্চ অফিস কর্তৃক যৌথভাবে এসংক্রান্ত সভার আয়োজন করা; এবং

(গ) ব্যাংকের ট্রেনিং ইনস্টিটিউট কর্তৃক তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনা বৃদ্ধিকরনের লক্ষ্যে কর্মশালার আয়োজন করা।

১০। এমতাবস্থায়, তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধি করণের বিষয়ে উল্লেখিত পদক্ষেপ/কর্মসূচী সদয় অবগতি ও অনুমোদনের জন্য সবিনয়ে উপস্থাপিত করা হ'ল।

(মোঃ নুর উদ্দিন চৌধুরী)
সিনিয়র প্রিন্সিপাল অফিসার

ডেপুটি জেনারেল ম্যানেজার

শ্যামল কুমার দাস
ডেপুটি জেনারেল ম্যানেজার

জেনারেল ম্যানেজার/ ব্রাঞ্চ ব্যাংকিং ডিভিশন

আফরোজা নাসরিন চৌধুরী
জেনারেল ম্যানেজার

ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর-১

মোঃ রিফাত হাসান
ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর

ব্যবস্থাপনা পরিচালক ও সিইও মহোদয়

মোঃ হাবিবুর রহমান গাজী
ব্যবস্থাপনা পরিচালক ও সিইও

Deputy Managing Director-1

GM/Dev. Banking Div. ব্রাঞ্চ ব্যাংকিং ডিভিশন


প্রচারপত্র


প্রচারপত্র


প্রচারপত্র


প্রচারপত্র


তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে
জনসচেতনতামূলক সভা
তারিখঃ ৮ই জুন, ২০২৩খ্রি.
BDBL
বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ
জোনাল ও ব্রাঞ্চ অফিস, খুলনা।


তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে
জনসচেতনতামূলক সভা






ও বিধিবিধান সম্পর্কে
মূলক সভা
ব্যাংক লিঃ


তথ্য
ও বিধিবিধান
২০২৩খ্রি.
ব্যাংক
খুলনা।


BDBL




তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে
জনসচেতনতামূলক সভা
তারিখঃ ৮ই জুন, ২০২৩খ্রি.
BDBL
বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ
জোনাল ও ব্রাঞ্চ অফিস, খুলনা।




BDBL
মুহাম্মদ আয়ুব আলী
Wear Mask, Get Service




wPÎ-01



wPÎ-02



wPÎ-03



wPÎ-04


টিন সার্টিফিকেট
বের করা হয়
E-email
করা হয়
উৎসব স্টুডিও এন্ড ভিডিও
Panasonic
brother
at your side

wPÎ-05




wPÎ-06


বের করা হয়
E-email
করা হয়
উৎসব স্টুডিও এন্ড ভিডিও
Panasonic
GD
এখানে ফটো
কপি করা হয়
brother
at your side

wPÎ-06




wPÎ-07



wPÎ-08



wPÎ-09



wPÎ-10



wPÎ-11




wPÎ-12



wPÎ-13


2 3 4 5 6 7
9 10 11 12 13 14 15
16 17 18 19 20 21 22
23 24 25 26 27 28 29
Fresh

wPÎ-14



wPÎ-15



wPÎ-16



wPÎ-17



wPÎ-18



wPÎ-19





INTEREST RATE
বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড
নতুন সেবা সমূহ
গ্যাস বিল জমা নেওয়া হয়।
অনলাইনে ট্রেজারী চালান এর অর্থ গ্রহন করা হয়।
সরকারী টেন্ডার (e-Gp) এর টাকা জমা নেয়া হয়।
সঞ্চয় পত্র বিক্রয় করা হয়।
BDBL
বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড (বিডিবিএল)
কারওয়ান বাজার ব্রাঞ্চ
"তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কিত
জনসচেতনতা বৃদ্ধিকরণের লক্ষ্যে প্রচার কার্যক্রম সংক্রান্ত সভা"
তারিখ: ১৮ এপ্রিল, ২০২৩; রোজ: মঙ্গলবার
কারওয়ান বাজার ব্রাঞ্চ, বিডিবিএল ভবন-২, ১২, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।




বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড (বিডিবিএল)
কারওয়ান বাজার ব্রাঞ্চ
"তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কিত
লক্ষ্যে প্রচার কার্যক্রম সংক্রান্ত সভা"
এপ্রিল, ২০২৩; রোজ: মঙ্গলবার
বিএল ভবন-২, ১২, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।
INTEREST RATE
বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড
নতুন সেবা সমূহ
গ্যাস বিল জমা নেওয়া হয়।
অনলাইনে ট্রেজারী চালান এর অর্থ গ্রহন করা হয়।
সরকারী টেন্ডার (e-Gp) এর টাকা জমা নেয়া হয়।
সঞ্চয় পত্র বিক্রয় করা হয়।
0100 0005 9001
05/27
MD. SHAJAHAN TULU


pepsi


BDBL
প্রচারপত্র